

💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৪৮১

৬. সদাচারণ ও ন্যায়নিষ্ঠতা সংশ্লিষ্ট কিতাব (كِتَابُ الْبِرّ وَالْإِحْسَان)

পরিচ্ছেদঃ কিয়ামতের দিন একজন ব্যক্তি তার সচ্চরিত্রকে মীযানের পাল্লায় সবচেয়ে বেশি ভারী আমলসমূহের মাঝে অন্যতম পাবে

ذِكَرُ الْبَيَانِ بِأَنَّ الْخُلُقَ الْحَسَنَ مِنْ أَثْقِل مَا يَجِدُ الْمَرْءُ فِي مِيزَانِهِ يَوْمَ الْقِيَامَةِ

আরবী

أَخْبَرَنَا أَبُو خَلِيفَةَ قَالَ: حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ كَثِيرٍ وَشُعَيْبُ بْنُ مُحْرِزِ وَالْحَوْضِيُّ قَالُوا: حَدَّثَنَا شُعْبَةُ عَنِ الْقَاسِمِ بْنِ أَبِي بَزَّةَ عَنْ عَطَاءٍ الْكَيْخَارَانِيِّ عَنْ أُمِّ الدَّرْدَاءِ: عَنْ أَبِي الدَّرْدَاءِ عَنِ الْمِيزَانِ الخُلُق الحَسَن.) الدَّرْدَاءِ عَنِ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: (أَثْقَلُ شَيْءٍ فِي الْمِيزَانِ الخُلُق الحَسَن.) الراوي: أَبو الدَّرْدَاء المحدث: العلامة ناصر الدين الألباني المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان الصفحة أو الرقم: 181 اخلاصة حكم المحدث: صحيح.

বাংলা

৪৮১. আবুদ দারদা রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন: "মীযানে সবচেয়ে ভারী জিনিস হবে সচ্চরিত্র।"[1]

قَالَ أَبُو حَاتِمٍ: عَطَاءٌ ـ هَذَا ـ هُوَ عَطَاءُ بْنُ عَبْدِ اللَّهِ وَكَيْخَارَانَ: مَوْضِعٌ بِالْيَمَنِ وَأُمُّ الدَّرْدَاءِ: هِيَ الصُّغْرَى وَاسْمُهَا هُجَيْمَةُ بِنْتُ حُيَيّ الْأَوْصَابِيَّةُ وَالْكُبْرَى: خَيْرَةُ بِنْتُ أَبِي حَدْرَدٍ الْأَنْصَارِيَّةُ لَهَا صَحْبَةٌ.

আবু হাতিম ইবনু হিবানে রহিমাহুল্লাহ বলেন: " (অত্র হাদীসের একজন রাবী) 'আতা হলেন 'আতা বিন আব্দুল্লাহ। কাইখারান হলো ইয়ামেনের একটি জায়গার নাম। উম্মুদ দারদা হলেন ছোট উম্মুদ দারদা, তাঁর নাম হুজাইমাহ বিনতু হুওয়াই আল আওসাবিয়্যাহ। আর বড় উম্মুদ দারদা হলেন খাইরাহ বিনতু আবী হাদরাদ আল আনসারী। তিনি সাহাবী ছিলেন।"

ফুটনোট



[1] আবু দাউদ: ৪৭৯৯; মুসান্নাফ ইবনু আবী শায়বাহ: ৮/৫১৬; মুসনাদ আহমাদ:৬/৪৪৬; আদাবুল মুফরাদ: ২৭০; তিরমিযী: ২০০৩; মুসান্নাফ আব্দুর রাযযাক: ২০১৫৭; বাগাবী, শারহুস সুন্নাহ: ৩৪৯৬; বাযযার: ১৯৭৫।

হাদীসটিকে আল্লামা শু'আইব আল আরনাউত রহিমাহুল্লাহ সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আস সহীহাহ: ৮৭৯।)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবুদ দারদা (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন